# রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল

বিভাগ/অধ্যায়ঃ দশম অধ্যায় - রমাযানে যে যে কাজ করা রোযাদারের কর্তব্য

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

২। সদকাহ বা দান করা

রমাযান মাসে যে সকল কর্ম করা মুসলিমের জন্য অধিকতর কর্তব্য, তার মধ্যে সদকাহ বা দান করা অন্যতম। সময়ের মর্যাদা গুণে রমাযান মাসে দানের পৃথক মাহাত্ম্য ও বৈশিষ্ট্য রয়েছে। এ কারণেই আল্লাহর রসূল (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম) অন্যান্য মাসে সবার চাইতে বেশী দান করতেন; কিন্তু সবচেয়ে বেশী দান করতেন এই রমাযান মাসে। আর এমনিতে তিনি কল্যাণ স্বরূপ প্রেরিত বায়ু থেকেও অধিক দানশীল ছিলেন।[1]

আল্লাহর রসূল (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম) বলেছেন, “যে ব্যক্তি (তার) বৈধ উপায়ে উপার্জিত অর্থ থেকে একটি খেজুর পরিমাণও কিছু দান করে - আর আল্লাহ তো বৈধ অর্থ ছাড়া অন্য কিছু গ্রহণই করেন না - সে ব্যক্তির ঐ দানকে আল্লাহ ডান হাতে গ্রহণ করেন। অতঃপর তা ঐ ব্যক্তির জন্য লালন-পালন করেন যেমন তোমাদের কেউ তার অশ্ব-শাবককে লালন-পালন করে থাকে। পরিশেষে তা পাহাড়ের মত হয়ে যায়।”[2]

## ফুটনোট

[1] (দ্রঃ বুখারী ৬, মুসলিম ২৩০৭নং)

[2] (বুখারী ১৪১০নং, মুসলিম ১০১৪নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=4120

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন